গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) এর দপ্তর
বাংলাদেশ রেলওয়ে
সিআরবি, চট্টগ্রাম-৪০০০।
✉ www.railway.gov.bd

নং-৫৪.০১.১৫০০.১১৭.০৫.০০১.২৫-৮৬৭ তারিখঃ ২৬ শ্রাবণ, ১৪৩২। ১০ আগস্ট, ২০২৫।

**বিষয়: বাংলাদেশ রেলওয়ের ২০২৫-২৬ অর্থবছরের বিশেষ কার্য়ক্রমভূক্ত অর্থনৈতিক কোডে বরাদ্দ বিভাজন/অর্থছারের প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়, ঢাকার পত্র নং-৫৪.০০.০০০০.০০০.০৩৪.০৪.০০০৬.২৫.২২০ তারিখ: ২৯ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

বাংলাদেশ রেলওয়ের সকল বিভাগের আওতাধীন কারখানাসমূহের মেরামত কাজের জন্য এবং দৈনন্দিন পরিচালন কাজের নিমিত্ত প্রয়োজনীয় মজুদী/অমজুদী আইটেমসমূহের ক্রয়/সংগ্রহে জন্য সরঞ্জাম বিভাগের তিনটি ইউনিট (প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক-পাহাড়তলী, সরঞ্জাম নিয়ন্ত্রক-পূর্ব এবং সরঞ্জাম নিয়ন্ত্রক-পশ্চিম) প্রাধিকার প্রাপ্ত। সর্বশেষ জারীকৃত ক্রয়/সংগ্রহের প্রাধিকার সংক্রান্ত আরপিও নং-২৫১/সি তারিখ: ২৬-০৬-২০২৫ খ্রিষ্টাব্দ অনুযায়ী সরঞ্জাম নিয়ন্ত্রক-পূর্ব ২৪ টি শ্রেণির ৬৯০ দফার জন্য ক্রয়ের প্রাধিকার প্রাপ্ত। উক্ত ৬৯০ (ছয়শত নব্বই) দফার বার্ষিক/অর্ধবার্ষিক খরচ বিবেচনায় ২০২৫-২০২৬ অর্থ বৎসরের জন্য পণ্যের শ্রেণি ভিত্তিক বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) HoPE এর মনোনীত কর্মকর্তা হিসাবে মহাব্যবস্থাপক-পূর্ব মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে **(সংলগ্নি-ক)**।

২। সরঞ্জাম বিভাগকে প্রতি বছর প্রায় সহস্রাধিক আইটেম ক্রয়/সংগ্রহ করতে হয়। তবে কোন কোন আইটেমের জন্য কী কী পরিমাণে এবং কোন কোন সময়ে প্রকৃত চাহিদা উৎপন্ন হবে তা এ এপিপি প্রস্তুতকালীন পূর্বানুমান করা যায় না (unforeseen)। বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরির আকার এবং ক্রয়/সংগ্রহ সংক্রান্ত জটিলতা (complexity) অনুধাবন করে সিপিটিইউ অর্থ বছরের শুরুতে সম্ভাব্য ক্রয় আইটেমসমূহের শ্রেণির ভিত্তিতে মোট আইটেম সংখ্যা ও সম্ভাব্য মোট ব্যয় নির্ণয় করে নির্ধারিত ছকে শ্রেণিভিত্তিক এপিপি প্রস্তুত এবং পরবর্তীতে প্রকৃত চাহিদার ভিত্তিতে Case-by-case ক্রয়পদ্ধতি/পরিমাণ/সময় ইত্যাদি সংশোধনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাস্তবায়নের সম্মতি প্রদান করেছে (পত্র নং-আইএমইডি/সিপিটিইউ/পিপিআরপি০২০১(অংশ-৭)/৩৮০ তারিখ: ৩১-০৮-২০০৫ ইং) **(সংলগ্নি-খ)**।

৩। এপিপি প্রস্তুতকালে অভিজ্ঞতা বিবেচনায় নেয়া হয়েছে। Case-by-case এপিপি সংশোধনকালে ক্রয়তব্য আইটেমের সুনির্দিষ্ট বিবরণ, পরিমাণ এবং এপিপি-তে তারিখসমূহ পূরণ করা হবে। প্রকৃত চাহিদা প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে দরপত্র আহবানের তারিখ নির্ধারণ করা হবে এবং অন্যান্য তারিখসমূহ এপিপি'তে উল্লেখিত দিন অনুযায়ী পূরণ করা হবে।

৪। বাংলাদেশ রেলওয়ের রোলিং স্টক মেরামত ও সংরক্ষণ এবং দৈনন্দিন পরিচালন কাজে নতুন মালামালের প্রয়োজন হতে পারে এবং প্রকৃত খরচের ভিত্তিতে বর্তমান এপিপি'তে অন্তর্ভূক্ত মালামালের চাহিদার পরিমাণ হ্রাস/বৃদ্ধি হতে পারে। প্রযোজ্য সকল ক্ষেত্রে এই এপিপি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশোধনপূর্বক বাস্তবায়ন করা হবে।

এমতাবস্থায়, সরঞ্জাম নিয়ন্ত্রক-পূর্ব এর ওপর ক্রয়/সংগ্রহের জন্য ন্যস্তকৃত প্রয়োজনীয় মালামাল ক্রয়/সংগ্রহের লক্ষ্যে বিষয়োক্ত অর্থনৈতিক কোড নং-অর্থনৈতিক কোড ৪১২৭১০১ (স্টোর পারচেজ রেলওয়ে) খাতে ১০.০০ (দশ) কোটি টাকা বরাদ্দ এবং ১ম কিস্তির ২.৫০ (দুই দশমিক পাঁচ শূন্য) কোটি টাকা অর্থ ছাড়করণের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৮৪ (চুরাশি) পাতা।
১। বিশেষ কার্যক্রমের এপিপি ৭৯ (উনআশি) পাতা।
২। সাধারন প্রশাসন (পরিচালন) কার্যক্রমের এপিপি ০৫ (পাঁচ) পাতা।

(প্রকৌ: মো: রাহিদ হোসেন)
সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) (অঃ দাঃ)
বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
☎ ০১৭১১-৬৯১৬৫২

অতিরিক্ত মহাপরিচালক (অর্থ)
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।
[সদয় দৃষ্টি আকর্ষণে: সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা]

নং-৫৪.০১.১৫০০.১১৭.০৫.০০১.২৫-

তারিখঃ ২৬ শ্রাবণ, ১৪৩২।
১০ আগস্ট, ২০২৫।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।
৪। এফএএন্ডসিএও (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
৫। উপ পরিচালক (বাজেট), মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা- রেলওয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ পিডিএফ ফরমেটে ই-মেইলের মাধ্যমে (ictbr@railway.gov.bd) প্রেরণ করা হলো।

১০.৮.২৫

(প্রকৌ: মো: রাহিদ হোসেন)
সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) (অঃ দাঃ)
বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
☎ ০১৭১১-৬৯১৬৫২


সিএসটিই (টেলিকম) এর দপ্তর
...সিএসটিই (টেলিকম)
...সিএসটিই (টেলিকম) সদর
...ই (টেলিকম) ১ ও ২, ডিডি (সিগন্যাল)
...এসটিই (টেলিকম), এডি (আইটি)
...এসটিই (টেলিকম) সদর ও ট্রেনিং, এসএসই (টেলিকম)
...প্রধান সহকারী, স্টেনো, ইউডিএ, এলডিএ
...নং ২০৪৭ ... তারিখ ২২/০৮/২৫ ... সময়...